দামুড়হুদায় বিচালি বোঝায় পাওয়ারট্রলি গাছের সাথে ধাক্কা ; আহত ২

দামুড়হুদা উপজেলার কাঁঠালতলা নামক স্থানে বিচালি বোঝায় পাওয়ারট্রলি রাস্তার পাশে থাকা একটা গাছের সাথে ধাক্কা মারে, এতে আহত হয় ২ জন।

আজ সোমবার সকাল ৭ টার দিকে এ দূর্ঘটনা ঘটে। আহতরা হলো দামুড়হুদা উপজেলার হেমায়েতপুর গ্রামের বজলুর রহমানের ছেলে মোঃ বিপ্লব হোসেন (২৮) ও মোঃ নজরুল ইসলামের ছেলে মোঃ ফারুক আলি (৩২)।

স্থানীয় সুত্রে জানাগেছে, গতকাল সোমবার সকালে পাওয়ার ট্রলিতে বিচালি বোঝায় করে চুয়াডাঙ্গা যাওয়ার সময় দামুড়হুদা উপজেলার দর্শনা টু চুয়াডাঙ্গা সড়কের জয়রামপুর কাঁঠালতলা বাজারের সন্নিকটে রাস্তার পাশে থাকা একটি বাবলা গাছের সাথে ট্রলিটি ধাক্কা খেয়ে রাস্তার উপর উল্টে গেলে উক্ত গাড়ির চালক ও গাড়ির উপরে বসে থাকা আরোহি পিচ রাস্তার উপরে ছিটকে পড়ে মারাত্মক ভাবে আহত হয়।

সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ও স্থানীয় লোকজন দুজনকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক তাদেরকে প্রাথমিক চিকিৎসা দিয়ে দুই জনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করে। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চার ঘণ্টা চিকিৎসা দেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক রাজশাহী রেফার্ড করেন।

প্রত্যক্ষদর্শী লিয়াকত আলী বলেন, একটি পাওয়ার ট্রলি বিচালি বোঝাই করে নিয়ে চুয়াডাঙ্গার দিকে যাচ্ছিল, হঠাৎ কাঁঠালতালা বাজারে পৌঁছালে রাস্তার পাশে থাকা বাবলা গাছের ডালের সাথে গাড়িটি বেঁধে উল্টে যায়, এতে চালক সহ ২ জন মারাত্মক আহত হয়। রাস্তার দুইধারে থাকা গাছগুলোর ডালপালা প্রধান সড়কের উপরে এসে পড়েছে, এসব ডালপালা গুলো অতি দ্রুত কেটে ফেলা উচিত। তা না হলে যেকোনো সময় প্রাণহানির ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেন স্থানীয়রা।